দৈনিক ইত্তেফাক

48

তারিখ ...2-3 MAY-1989... ...
পৃষ্ঠা... ... ... ...কলাম 6 ... ...

ঢাকা তথ্য ও পরিসংখ্যান সংস্থা
ডকুমেন্টেশন কেন্দ্র

125

## 'বিজ্ঞানভিত্তিক শিক্ষা প্রবর্তনে পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে'

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম দেশের উন্নয়ন কর্মকাণ্ডে দলমত নির্বিশেষে সকলের সমন্বিত প্রচেষ্টার আহ্বান জানাইয়াছেন।

মন্ত্রী গত শনিবার টাঙ্গাইলের সখীপুর হইতে সাত মাইল দূরে কাল মেঘা ইলিমজান উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞান ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত এক জনসমাবেশে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। সখিপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান শওকত আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে টাংগাইল জেলা পরিষদ চেয়ারম্যান ওয়াজেদ আলী খান পন্নী বিশেষ অতিথি হিসাবে বক্তৃতা করেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক এস এম চান মাহমুদ এবং স্থানীয় নেতা মোঃ কুতুবউদ্দিন আহমেদও সভায় বক্তৃতা করেন।

জাতীয় উন্নতিতে শিক্ষা সম্প্রসারণের উপর গুরুত্ব আরোপ করিয়া শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার সনাতনী শিক্ষার পরিবর্তে বিজ্ঞানভিত্তিক ও বাস্তবসম্মত শিক্ষা প্রবর্তনের জন্য সব ধরনের পদক্ষেপ গ্রহণ করিতেছেন।

পরে, সখিপুর পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ে মন্ত্রী বক্তৃতা করেন। মন্ত্রী সখিপুর মুজিব মহাবিদ্যালয় ছাত্রাবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। —তথ্য বিবরণী।